



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০ (খন্ড-১)/১৪১

তারিখ: ১৯.০৫.২০২৪ খ্রি.

বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৪ শিক্ষাবর্ষের ৬ষ্ঠ, ৯ম (বিশেষ শর্তাধীনে) ও সমমান শ্রেণিতে উপবৃত্তি প্রাপ্তির যোগ্য শিক্ষার্থী নির্বাচন পদ্ধতি নির্ধারণ, HSP MIS এ তথ্য এন্ট্রি ও প্রেরণের সময়সীমা বৃদ্ধি।

সূত্র: এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০(খন্ড-১)/৯২; তারিখ: ২২.০৪.২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৪ সালের ৬ষ্ঠ, ৯ম (বিশেষ শর্তাধীনে) ও সমমান শ্রেণির শিক্ষার্থীদের নির্ধারিত ফরমেটে দাখিলকৃত তথ্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি ও উপজেলায় প্রেরণের সময়সীমা ১৯.০৫.২০২৪ তারিখ পর্যন্ত নির্ধারিত ছিলো। বিশেষ বিবেচনায় শিক্ষা প্রতিষ্ঠান পর্যায় থেকে HSP-MIS সফটওয়্যারে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি এবং উপজেলায় প্রেরণ করার সময়সীমা আগামী ২১.০৫.২০২৪ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS সফটওয়্যারে তথ্য এন্ট্রি এবং প্রেরণ অপশন ২১.০৫.২০২৪ তারিখ রাত ১২ টায় স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। সকল উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS সফটওয়্যারে উপজেলায় প্রেরিত তথ্যাদি যাচাই বাছাই করে চূড়ান্ত অনুমোদনের জন্য HSP/PMEAT-তে প্রেরণ করার সময়সীমা ২৩.০৫.২০২৪ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

২। **ইউজার আইডি ও পাসওয়ার্ড:** শিক্ষা প্রতিষ্ঠান অথবা উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক ব্যবহৃত HSP-MIS এর আইডি/পাসওয়ার্ড ভুলে গেলে বা অন্য কোন কারণে HSP-MIS এ লগ ইন করতে না পারলে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে mis.hsp@pmeat.gov.bd ই-মেইলে যোগাযোগ করার অনুরোধ করা হলো।

৩। **হেল্প লাইন নম্বর:** অফিস চলাকালীন সময়ে সকাল ০৯.০০টা থেকে বিকাল ০৪.০০টা পর্যন্ত (মোবাইল নং- ০১৩১৬৬৫৮২৩০ ও ০১৩১৬৬৫৮৫২৯) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৪। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ০৫। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।
- ০৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।
- ০৯। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS, অর্থ বিভাগ (পত্রের আলোকে HSP-MIS এ যথাযথ পদক্ষেপ গ্রহণ এবং এন্ট্রি চলাকালীন সময়ে HSP-MIS পর্যবেক্ষণের অনুরোধসহ)।

পাতা-০২

- ১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা (দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)
- ১৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ১৪। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ১৫। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (স্বিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান)।
- ১৬। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৭। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (পিএমইএটি-এর ওয়েবসাইটে প্রকাশ ও HSP-MIS সফটওয়্যারে শিক্ষার্থীর তথ্য এন্ট্রির অপশন চালু করার অনুরোধসহ)।